

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
এফএ এন্ড এমআইএস
পরিসংখ্যান ভবন
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭

২৩/০৩/২০১৮
মুহাম্মদ হক

নং-৫২.০১.০০০০.১০৬.৬৪.০০১.১৭৮ ৪৪/১

তারিখ ২০ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ
০৪ মার্চ ২০১৮ খ্রিষ্টাব্দ

প্রকাশ্যে নিলাম বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর এফএ এন্ড এমআইএস এর আওতাধীন আরডিপি শাখার জমাকৃত কাগজের টুকরো (Wastage) ও মুদ্রণ কাজের পর অব্যবহৃত অপ্রয়োজনীয় এ্যালুমিনিয়াম প্লেট এবং অন্যান্য মালামাল নিলামে বিক্রয়ের উদ্দেশ্যে প্রকৃত ঠিকাদারী প্রতিষ্ঠান/ব্যবসায়ীদের নিকট হতে শর্ত সাপেক্ষে নিলামে অংশ গ্রহণের জন্য আহ্বান জানানো যাচ্ছে।

ক্রমিক নং	মালামালের নাম বিবরণ	মালামালের পরিমাণ
১.	(Wastage) টুকরা কাগজ	৩০০০ কেজি (আনুমানিক)
২.	মুদ্রণ অকেজো প্লেট	৬০০ কেজি (আনুমানিক)
৩.	এনএইচডি প্রকল্পের প্রশ্নপত্রের কাটিং Wastage)	১০০০ কেজি (আনুমানিক)

০২। নিলামে অংশগ্রহণে ইচ্ছুক প্রতিষ্ঠান/ব্যবসায়ীদের আগামী ১৫/০৩/২০১৮ ইং তারিখ সকাল ১১.০০ ঘটিকায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সদর দপ্তরস্থ ৮ম তলা, কক্ষ নং-৮১২ এ উপস্থিত হয়ে নিলামে অংশগ্রহণ করার জন্য আহ্বান করা হলো।

০৩। শর্তাবলী :-

ক) নিলাম ডাক শুরু হওয়ার কমপক্ষে এক ঘণ্টা পূর্বে নিলাম অংশগ্রহণে ইচ্ছুক প্রতিষ্ঠান/ব্যবসায়ীদের নাম নিলাম কমিটির নিকট লিপিবদ্ধ করতে হবে।

খ) লিপিবদ্ধ প্রতিষ্ঠান/ব্যবসায়ী উক্ত সময়ের মধ্যে কমপক্ষে ৫০০০/- (পাঁচ হাজার) টাকা জামানত হিসেবে নিলাম কমিটির নিকট জমা করতে হবে।

গ) প্রচলিত নিয়মে মোট বিক্রয়মূল্যের ৪.৫% হারে কোড (১-১১৩৩-০০১০-০৩১১) এ ভ্যাট হিসাবে ট্রেজারি চালানোর মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদানপূর্বক মালামালসমূহ উক্ত নিলাম কমিটির নিকট হতে বুঝে নিতে হবে।

ঘ) উন্মুক্ত ডাকের মাধ্যমে অকেজো মালামালের মূল্য নির্ধারিত হবে। সর্বোচ্চ দরদাতা প্রতিষ্ঠান/ব্যবসায়ী উক্ত অকেজো মালামাল পাওয়ার যোগ্য হবে এবং বিক্রয়কৃত অকেজো মালামালের যা মূল্য আসে সে পরিমাণ টাকা (কোড-১-১৪৩১-০০০০-২৩৭১) ট্রেজারি চালানোর মাধ্যমে সরকারি কোষাগারে জমা করত: চালানোর কপি সংশ্লিষ্ট কমিটির বরাবর দাখিল পূর্বক মালামাল নিজ খরচে ডেলিভারি গ্রহণ করতে হবে।

ঙ) সর্বোচ্চ দরদাতা প্রতিষ্ঠান/ব্যবসায়ী উক্ত মালামালসমূহ ০৩(তিন) কার্যদিবসের মধ্যেই এফএ এন্ড এমআইএস আরডিপি শাখা, গ্রাউন্ড ফ্লোর, ব্লক-২ পরিসংখ্যান ভবন, বিবিএস হতে রক্ষিত অকেজো মালামাল ঠিকাদার কর্তৃক ডেলিভারি নিতে হবে এ সংক্রান্ত কোন খরচ বিবিএস বহন করবে না।

৪৪১০৪৫৮
মুহাম্মদ হক
(মো: এমদাদুল হক)
যুগ্মপরিচালক
ও
আস্বায়ক, নিলাম কমিটি

সদয় অবগতি/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল:-

১. জনাব মোঃ এনামুল হক, ভারপ্রাপ্ত কর্মকর্তা, এফএ এন্ড এমআইএস, আরডিপি, বিবিএস ঢাকা।
২. বেগম মোসাম্মত সাঈদা বেগম, প্রোগ্রামার (ওয়েব সাইটে বিজ্ঞপ্তি আপলোড করার জন্য)।
৩. স্টাফ অফিসার মহাপরিচালকের কার্যালয় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা
৪. স্টাফ অফিসার উপ মহাপরিচালকের কার্যালয় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা
৫. জনাব নিলাম কমিটি সদস্য
৬. নোটিশ বোর্ড, পরিসংখ্যান ভবন।